ভোরের কাগজ

২/৯/২০০১

তারিখ ........................
পৃঃ ৩ কলাম ২

# শিবিরের স্মারকলিপির ৫ দিন পরই সরিয়ে দেওয়া হলো চট্টগ্রাম কলেজ অধ্যক্ষকে!

চট্টগ্রাম অফিস : তত্ত্বাবধায়ক সরকারের গণবদলি প্রক্রিয়ার সর্বশেষ বলি হলেন চট্টগ্রাম সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর সুধীর দেব। চট্টগ্রাম কলেজের ছাত্রাবাসগুলো পুনর্দখলে ব্যর্থ শিবির ক্যাডারদের মুরব্বি সংগঠন জামাত-শিবির ও বিএনপি ক্যাডারদের ইচ্ছায় গত ২৮ আগস্ট অধ্যক্ষ সুধীর দেবকে ফেনী সরকারি কলেজে এবং কুষ্টিয়া সরকারি কলেজের জামাত মনোভাবাপন্ন অধ্যক্ষ এ নির্বাচনে [illegible]

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ২

## শিবিরের স্মারকলিপির ৫ দিন

● প্রথম পাতার পর

টি এম আয়ুবকে চট্টগ্রাম কলেজে বদলির আদেশ দেয় বর্তমান তত্ত্বাবধায়ক সরকার।

মাত্র ৬ মাস আগে অধ্যক্ষ সুধীর দেব চট্টগ্রাম কলেজের অধ্যক্ষের দায়িত্ব নেওয়ার পর থেকে শিবির ক্যাডাররা তাদের আস্তানা কলেজের ছাত্রাবাসগুলো খুলে দেওয়ার জন্য নানামুখী চাপ সৃষ্টি করতে থাকে। গত বছর ১২ জুলাই চট্টগ্রামের বহদ্দারহাটে শিবির ক্যাডারদের হাতে ৮ জন নিহত হওয়ার পর চট্টগ্রাম কলেজের ছাত্রাবাসগুলো বন্ধ করে দেওয়া হয় এবং সেখানে অস্থায়ী পুলিশ ক্যাম্প বসানো হয়। মামলার চার্জশিটে শেরে বাংলা ছাত্রাবাসে বসে হত্যাকাণ্ডের নীলনকশা বাস্তবায়নের বিভিন্ন আলামত স্বীকারোক্তিমূলক জবানবন্দি তুলে ধরা হলে শিবির ক্যাডাররা আত্মগোপন করে থাকে।

কিন্তু তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে তারা আবার প্রকাশ্যে চলে আসে এবং ছাত্রাবাস খুলে দেওয়ার জন্য অধ্যক্ষকে চাপ দিতে থাকে। সর্বশেষ গত ২২ আগস্ট তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান চট্টগ্রাম সফরকালে পুলিশের গাড়িতে চড়ে সার্কিট হাউসে গিয়ে শিবির ক্যাডাররা প্রধান উপদেষ্টার কাছে স্মারকলিপি প্রদান করে। শিবির স্মারকলিপি প্রদানের ৫ দিন পর চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ সুধীর দেবকে বদলি করা হলো।